

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৩৫৮

আগরতলা, ২৭ ডিসেম্বর, ২০২৩

জাপানে নিযুক্তিপ্রাপ্ত রাজ্যের ৩ জন নার্সকে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা



রাজ্য সরকারের দক্ষতা উন্নয়ন দপ্তরের মাধ্যমে নার্সিং-এ সফল প্রশিক্ষণের পর রাজ্যের তিনজন যুবক-যুবতী জাপানে নার্সিং-এ কাজ করার নিযুক্তি পেয়েছেন। কর্মস্থলে যোগ দেওয়ার আগে তারা আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে ‘মুখ্যমন্ত্রী সমীপেষু’ কর্মসূচিতে এসে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রী তাদের এই সফলতার জন্য প্রত্যেককে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জানান। সৌজন্যমূলক সাক্ষাতের সময় স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের অধিকর্তা সঞ্জয় চক্রবর্তীও উপস্থিত ছিলেন। উল্লেখ্য,ত্রিপুরা মেডিক্যাল কলেজ থেকে বি এস সি নার্সিং কোর্সে পাশ করার পর ধলেশ্বরের দীপ্তনু সরকার,কোনাবনের তানিয়া দাস এবং ধলাই জেলার রিশমা শীল দক্ষতা উন্নয়ন দপ্তরের মাধ্যমে দিল্লিতে নয় মাসের প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণের পর তারা জাপানের কিয়োটা শহরের একটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে কাজ করার নিযুক্তি পান। আগামী জানুয়ারি মাসে তারা সবাই কর্মস্থলে যোগ দেবেন।

\*\*\*\*\*